

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

তারিখ: ৩১/১২/২০১৯খ্রি:

## প্রেস বিজ্ঞপ্তি

কৃষিবিদ ড. শেখ মোঃ বখতিয়ার বিএআরসি'র নতুন নির্বাহী চেয়ারম্যান

কৃষিবিদ ড. শেখ মোঃ বখতিয়ার ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে নির্বাহী চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) পদে যোগদান করেছেন। ইতোপূর্বে তিনি একই প্রতিষ্ঠানে সদস্য-পরিচালক (পরকল্পনা ও মূল্যায়ন) এর দায়িত্ব পালন করেন। তিনি পরিচালক সার্ক কৃষি কেন্দ্র (এসএসি) এর দায়িত্ব পালন করছেন। তিনি বিএআরসি'র বিদায়ী নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ কবির ইকরামুল হক এর স্থলাভিষিক্ত হলেন।



ড. বখতিয়ার ১৯৮৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বিএসসি এজি (সম্মান) এবং ১৯৯৯ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে মৃত্তিকা বিজ্ঞানে এমএস ডিগ্রি অর্জন করেন। তিনি জাপানের United Graduate School of Agricultural Science, Ehime University হতে ২০০৬ সালে পিএইচডি ডিগ্রি লাভ করেন। পরবর্তীতে তিনি চীনের Guangxi Academy of Agricultural Sciences এ দুই বছর মেয়াদে Silicon Nutrition in Sugarcane বিষয়ে পোস্ট ডক্টরাল রিসার্চ ফেলো হিসেবে কাজ করেন।

ড. বখতিয়ার ১৯৮৯ সালে বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এ “ফার্মিং সিস্টেম গবেষণা ও উন্নয়ন প্রকল্পে” বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি উর্দ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে পদোন্নতি লাভ করেন এবং মৃত্তিকা ও পুষ্টি বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ড. বখতিয়ার ২০১২ সালে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। তিনি কাউন্সিলে পরিচালক (সাপোর্ট সার্ভিস এবং পরিচালক (টিটিএমইউ) এর দায়িত্ব পালন করেন। তিনি ঢাকাস্থ সার্ক কৃষি কেন্দ্র এর পরিচালক হিসেবে উক্ত কেন্দ্রের বিভিন্ন নিয়মিত কর্মসূচীর পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নসহ দুটি মাল্টি কান্ট্রি প্রজেক্ট এর সফল অগ্রযাত্রা সূচীত হয় এবং SAARC Agriculture Ph.D Program চালু করা হয় যা তাঁর গতিশীল নেতৃত্বেরই উল্লেখযোগ্য অবদান। গবেষণা কার্যক্রমের বাইরে ড. বখতিয়ার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট সদস্য এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

ড. বখতিয়ার ৮টি বইয়ের লেখক এবং এ পর্যন্ত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে তাঁর ৬০টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তাছাড়া Google Scholar এর তথ্যমতে তাঁর ৪৫০টি Citation রয়েছে - যা বাংলাদেশের নার্সভুক্ত বিজ্ঞানীদের মধ্যে অন্যতম অর্জন। ড. বখতিয়ার দেশ ও দেশের বাইরে কৃষি গবেষণা সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম ও প্রশিক্ষণ কর্মসূচীতে যোগদান করেছেন। গত দুই দশকের বেশি সময়ে তিনি গবেষণা ও উন্নয়ন সংশ্লিষ্ট কাজে জাপান, থাইল্যান্ড, চীন, মিশর, ফিলিপাইন, মালয়েশিয়া, মঙ্গোলিয়া, দক্ষিণ কোরিয়া, নিউজিল্যান্ড, ভারত, পাকিস্তান, নেপাল, ভূটান, ঘানা, ইথিওপিয়া, আমেরিকা, ফ্রান্স, জার্মানী, নেদারল্যান্ডস, অস্ট্রেলিয়া, কেনিয়া, শ্রীলঙ্কাসহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

ড. শেখ মোঃ বখতিয়ার ১৯৬৩ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলার ফকির পাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা জনাব শেখ লাল মোহাম্মদ একজন আদর্শ শিক্ষকের পাশাপাশি প্রথিতযশা সঙ্গীত শিল্পী হিসেবে সুপরিচিত ছিলেন। ড. বখতিয়ারের স্ত্রী ওয়াহিদা আক্তার ১৩তম বিসিএস (প্রশাসন) ক্যাডার ভূক্ত যুগ্ম সচিব পর্যায়ের একজন কর্মকর্তা। তিনি দুই পুত্র সন্তানের জনক।

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল টেকনিক্যাল অফিসার

মোবাইল: ০১৭১৭-১৭১৯৮৬ ফোন: ৯১৩২৪১২

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....